# Times Today BD

আলমগীর হান্নান | খুলনা | 11 April, 2025

উপকূলবর্তী উপজেলা খুলনার কয়রায় তরুনদের অংশগ্রহণে জলবায়ু ধর্মঘট পালিত হয়েছে।

□১১ এপ্রিল শুক্রবার  স্থানীয় তরুণ ও পরিবেশকর্মীদের সংগঠন ইয়ুথনেট গ্লোবাল ও ইসলামিক রিলিফ এর যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির মূল দাবি ছিল “বাংলাদেশে জীবাশ্ম জ্বালানিতে বিনিয়োগ বন্ধ করুন, আমরা নতুন বাংলাদেশের জন্য চাই নবায়নযোগ্য জ্বালানি-নির্ভর বিদ্যুৎ মহাপরিকল্পনা”

□

□কয়রা সদরের গোবরা  গ্রামের নিকটবর্তী নদীর চরে ও জলবায়ু ঝুঁকিপূর্ণ জনপদ মদিনাবাদ  খেয়াঘাট ও রাস্তার পাশে দাঁড়িয়ে প্ল্যাকার্ড হাতে সংগঠনের সদস্যরা প্রতিবাদ জানান, যেখানে লেখা ছিল, "জলবায়ুর সুবিচার, উপকূলবাসীর অধিকার" “জলবায়ু ন্যায্যতা চাই" “উন্নয়ন চাই - ধ্বংস নয়”, "জীবাশ্ম জ্বালানি রোধ করি, সৌর ও বায়ু শক্তিতে ভবিষ্যৎ গড়ি”, "উই ওয়ান জাস্টিস, ক্লাইমেট জাস্টিস" সহ জলবায়ু সংশ্লিষ্ট বিভিন্ন রকমের চাওয়া পাওয়ার ও দাবির কথা।

□

□ ইয়ুথনেট গ্লোবাল এর কয়রা প্রতিনিধি রাসেল আহাম্মেদ জানান, কয়রা উপকূলীয় অঞ্চল হওয়ায় এখানকার মানুষ জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ।ঘূর্ণিঝড়, জ্বলাচ্ছস, লবণাক্ততা, নদীভাঙন, সবকিছুই সরাসরি মোকাবিলা করছে অথচ এসব অঞ্চলেই ইটের ভাটা সহ জীবাশ্ম জ্বালানির বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের চেষ্টা হচ্ছে, এলাকার গাছ কেটে বেঁড়িবাঁধ নির্মানের পরিকল্পনা করা হয়। যা পরিবেশের উপর মারাত্মক প্রভাব ফেলছে। আমরা এমন একটি বাংলাদেশ চাই, যেখানে উন্নয়ন হবে পরিবেশবান্ধব।নবায়নযোগ্য জ্বালানি ছাড়া টেকসই ভবিষ্যৎ কল্পনা কখনও করা যায় না।

□

□সংগঠনের প্রতিনিধি নিরাপদ মুন্ডা বলেন, উন্নত দেশের বলির শিকার আমরা, জলবায়ুর সুবিচার আমাদের দুর্বলতা নয় এটা আমাদের অধিকার তাই জলবায়ু সংকট মোকাবিলায় নীতিনির্ধারকদের প্রতি কার্যকর পদক্ষেপের আহ্বান জানান তিনি।

□

□ইয়ুথনেট কয়রার নারী প্রতিনিধি ইসরাত জাহান এশা  বলেন, “ জলবায়ু পরিবর্তনে নারী ও শিশুদের স্বাস্থ্য ঝুঁকি মারাত্মক হুমকিতে পরিনত হয়েছে।এই পৃথিবীতে শান্তিতে বেঁচে থাকার অধিকার সবার কিন্তু আমরা বঞ্চিত হচ্ছি মৌলিক অধিকার থেকেও।জলবায়ুর সুবিচার চাই।

□

□এছাড়া ধর্মঘটে বক্তব্য রাখেন, বাসিরুল ইসলাম, কুদরতুল্লাহ ফারুকি, রাসেল রানা, সাথী খাতুন,  সুব্রত মুন্ডা, শাকিলা পারভীন, আব্দুর রহিম, সোহেল রানা, আব্দুল আলিম, ইমরানুল কবির, মুসলিমা খাতুন সহ প্রমুখ ।

জলবায়ু ধর্মঘট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:51

URL: https://timestodaybd.com/khulna/976292635